


তারিখ: ১৯/০৭/০৭
কলাম: ২



কামারখন্দ (সিরাজগঞ্জ) : সালেমা মেমোরিয়াল কলেজে যাতায়াতে খালে বাঁশের সাকো। এখানে পাকা ব্রিজ নির্মাণের দাবী দীর্ঘদিনের-ইত্তেফাক

কামারখন্দে সমস্যা জর্জরিত সালেমা মেমোরিয়াল কলেজ

কামারখন্দ (সিরাজগঞ্জ) থেকে সংবাদদাতা ॥ কামারখন্দ উপজেলার যোগাযোগ বিচ্ছিন্ন অবহেলিত জনপদ ভদ্রঘাট ইউনিয়নের ঝাটিবেলাই গ্রামে প্রতিষ্ঠিত ডাঃ শামস-উদ্দীন-সালেমা মেমোরিয়াল কলেজটি বিভিন্ন সমস্যায় জর্জরিত হয়ে পড়েছে। এই অঞ্চলের ছেলে-মেয়েদের উচ্চশিক্ষার দ্বার উন্মোচিত হলেও ছেলে-মেয়েদের কলেজে যাতায়াত সমস্যাই এখন প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই কলেজের আশপাশে ৩টি হাইস্কুল এবং একটি দাখিল মাদ্রাসা রয়েছে। ফুল-মাদ্রাসা থেকে এসএসসি ও দাখিল পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরা তাদের নিকটস্থ এই কলেজেই উচ্চ মাধ্যমিক পড়ার সুযোগ পেয়ে অত্যন্ত খুশী। কিন্তু কলেজের পূর্ব দক্ষিণ প্রান্তে গাড়াবাড়ী হাটের নিকট প্রধান সংযোগ সড়কের একটি বড় ব্রিজ গত প্রায় ৭ বছর পূর্বে বন্যার পানির স্রোতে ধসে পড়ার ফলে একটি বড়খাল পার হওয়া ছাত্র-ছাত্রীদের দারুন অসুবিধা হয়। একই সাথে কলেজের উত্তর-পশ্চিম প্রান্তে মুগবেলাই গ্রামের কাটাখালী খালের উপরের ব্রিজটি গত পায় ১০ বছর পূর্বে

বন্যার পানিতে ভেঙ্গে পড়ার পর আর নির্মাণ না করায় এই খাল পার হওয়াও অসুবিধার সৃষ্টি হয়। বর্ষার সময় অবর্ণনীয় দুর্ভোগের মধ্যে ছাত্র-ছাত্রীদের এবং আশপাশের ১০টি গ্রামের মানুষের যাতায়াত করতে হয়। বর্তমানে কলেজে ৩০০ ছাত্র-ছাত্রী পড়াশুনা করছে। কলেজটির প্রতিষ্ঠাতা বিশিষ্ট শিক্ষানুরাগী মিসেস সামীয়া পারভীন প্রায় ২০ লাখ টাকা খরচ করে ৩ একর জায়গা কিনে ৪টি ভবন নির্মাণ করে দিয়েছেন এবং অনেক গুরুত্বপূর্ণ সমস্যার সমাধান করেছেন। কিন্তু গত ৪ বছরেও কলেজটি এমপিওভুক্ত হয়নি। একাডেমিক স্বীকৃতি নিয়ে কলেজ সূষ্ঠভাবে চালু রয়েছে এবং প্রতিবছর গড়ে ২০০ ছাত্র-ছাত্রী উচ্চ মাধ্যমিক পরীক্ষা দিয়ে সাফল্য লাভ করলেও শিক্ষকগণ তাদের ন্যূনতম প্রয়োজনীয় বেতন ভাতা পাচ্ছেন না। এছাড়া কলেজের সম্মুখের বিরাট অংশ মাটি ভরাট করে খেলার মাঠ করা প্রয়োজন এবং কলেজ সংলগ্ন ছোট খালের উপর একটি ব্রিজ নির্মাণ করা জরুরী প্রয়োজন।